

## আপনার কম্পিউটার কে বাংলার উপযুক্ত করুন

বাঁধ ভাঙ্গার আওয়াজে ইউনিকোড বাংলা ব্যবহৃত হচ্ছে। মাত্র দুটি ধাপে বাংলা ইউনিকোড সাপোর্ট যোগ করার জন্য এ গাইডটি অনুসরণ করুন :

- ১। ইউনিকোড ভাষা সাপোর্ট যোগ করুন।
- ২। বাংলা ইউনিকোড ফন্ট যোগ করুন।

এটা মাত্র একবার ইনস্টল করে নিলে শুধু সামহোয়্যার ইন... ব্লগ([www.somewhereinblog.net](http://www.somewhereinblog.net)) নয় বরং আরো শত শত বাংলা ওয়েবসাইট দেখতে পাবেন যা শক্তিশালী এবং জনপ্রিয় ইউনিকোড সিস্টেম ব্যবহার করে করা।

অনুগ্রহ করে আপনার অপারেটিং সিস্টেম বাছাই করে শুরু করুন :

## ১। বাংলা ইউনিকোড ল্যাঙ্গুয়েজ ফাইল যোগ করুন(প্রয়োজনীয়)

সিস্টেম ফাইলের প্রয়োজনীয় পরিবর্তন

### উইন্ডোজ এক্স- পিতে(সকল ভার্সন)

- ১। আপনার সিস্টেমে ইউনিকোড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট যোগ করুন

১.১. [omicronlab](http://omicronlab) এর [icomplex 1.0.1](http://icomplex.1.0.1) ডাউনলোড করে চালু করুন

১.২. ইনস্টল কমপ্লেক্স স্ক্রিপ্টস এ ক্লিক করুন




- ২। আপনার সিস্টেমে ইউনিকোড বাংলা ফন্ট যোগ করুন :

২.১। বাংলা ফন্ট প্যাক([complete bangla font pack](http://completebanglafontpack)) সম্পূর্ণটা ডাউনলোড করুন এবং আনজিপ করে সবগুলো ফাইল 'c:\windows\fonts' ফোল্ডারে রাখুন।

## উইন্ডোজ ২০০০ এর জন্য :


১। আপনার সিস্টেমে ইউনিকোড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট যোগ করুন

১.১। কন্ট্রোল প্যানেল এ যান এবং তারপর *regional options* সিলেক্ট করুন ।



১.২। *general tab* এ ক্লিক করে আপনার সিস্টেমের *language settings* দেখুন

১.৩। লিস্ট থেকে *indic* সিলেক্ট করুন এবং ওকে ক্লিক করুন ।




২। আপনার সিস্টেমে ইউনিকোড বাংলা ফন্ট যোগ করুন :

২.১। বাংলা ফন্ট প্যাক([complete bangla font pack](#)) সম্পূর্ণটা ডাউনলোড করুন এবং আনজিপ করে সবগুলো ফাইল 'c:\windows\fonts' ফোল্ডারে রাখুন ।

## উইন্ডোজ ২০০৩ এর জন্য :

১। আপনার সিস্টেমে ইউনিকোড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট যোগ করুন

১.১। কন্ট্রোল প্যানেল এ যান এবং তারপর *regional options* সিলেক্ট করুন ।



১.২. *language tab* এ ক্লিক করুন এবং সেখান থেকে ইনস্টল ফাইলস ফর কমপ্লেক্স স্ক্রিপ্ট...(install files for complex script and right-to-left languages (including thai) ) সিলেক্ট করুন ।



১.৩. Ok ক্লিক করুন ।

২। আপনার সিস্টেমে ইউনিকোড বাংলা ফন্ট যোগ করুন :

২.১। বাংলা ফন্ট প্যাক([complete bangla font pack](#)) সম্পূর্ণটা ডাউনলোড করুন এবং আনজিপ করে সবগুলো ফাইল 'c:\windows\fonts' ফোল্ডারে রাখুন ।

## উইন্ডোজ ভিস্তা এর জন্য:

১। আপনার সিস্টেমে ইউনিকোড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট যোগ করুন

(দরকার নেই)

২। আপনার সিস্টেমে ইউনিকোড বাংলা ফন্ট যোগ করুন :

২.১। বাংলা ফন্ট প্যাক([complete bangla font pack](#)) সম্পূর্ণটা ডাউনলোড করুন এবং আনজিপ করে সবগুলো ফাইল 'c:\windows\fonts' ফোল্ডারে রাখুন ।

## ২। ব্রাউজার কনফিগারেশন (ঐচ্ছিক)

ল্যান্ডস্কেপ সেটিংস ঠিক করে নিন ফায়ারফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার এবং অপেরা তে।

**দ্রষ্টব্য:** এই অংশটা ঐচ্ছিক।

আপনার ব্রাউজার ওয়েবসাইটে বাংলা সনাক্ত করে ডিফল্ট বাংলা ফন্ট এপ্লাই করতে পারবে, যদি আপনি ব্রাউজারের এই সুযোগটা না নিতে চান, তাহলে এই অংশ বাদ দিন।

এই অংশে আপনি আপনার ব্রাউজারে: ফায়ারফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার অথবা অপেরাতে যথার্থ বাংলা সাপোর্ট যোগ করবেন।

### ফায়ারফক্সে (ভার্সন ১.৫) বাংলা সেটআপ

১. মেনুবার থেকে টুলস এ যান এবং অপশনস বাছাই করুন
২. এই উইন্ডো থেকে কনটেন্টস এ ক্লিক করুন
৩. ফন্টস এন্ড কালারস থেকে এডভান্সড বাটনে ক্লিক করুন
৪. ফন্টস ফর অপশনের ড্রপ ডাউন লিস্ট থেকে “bengali” সিলেক্ট করুন
৫. নীচের ছবি অনুযায়ী বাকি অপশনগুলো ফিল আপ করুন এবং ওকে তে ক্লিক করুন

আবার ওকে ক্লিক করুন আপনার সেটআপ শেষ করার জন্য।

এই ধাপগুলো ফায়ারফক্সে বাংলা সেটআপ কমপ্লিট করবে।

### ইন্টারনেট এক্সপ্লোরারে বাংলা সেটআপ

১. মেনু থেকে টুলস এ যান এবং ইন্টারনেট অপসন্স সিলেক্ট করুন
২. এই উইন্ডো থেকে ফন্টস এ ক্লিক করুন
৩. ল্যান্ডস্কেপ স্ক্রিপ্টস এর ড্রপডাউন লিস্ট এ ক্লিক করুন
৪. এই ড্রপ ডাউন লিস্ট থেকে “bengali” সিলেক্ট করুন( এটা খুঁজে পেতে সফল করতে থাকুন)
৫. লিখন সিলেক্ট করুন ওয়েবপেজ ফন্ট এর জন্য। তারপর ওকে ক্লিক করুন এবং আবার ওকে ক্লিক করুন।

এই ধাপগুলো ইন্টারনেট এক্সপ্লোরারে বাংলা সেটআপ কমপ্লিট করবে।

## অপেরাতে(ভার্সন ৯.১০) বাংলা সেটআপ

১. মেনু থেকে টুলস এ যান এবং প্রেফারেন্সেস সিলেক্ট করুন
  ২. অ্যাডভান্সড ট্যাব এ ক্লিক করুন, বামদিকের মেনু থেকে ফন্টস এ যান এবং “ইন্টারন্যাশনাল ফন্টস” এ ক্লিক করুন ।
  ৩. ড্রপ ডাউন লিস্ট থেকে রাইটিং সিস্টেম “bengali” বাছাই করুন ।
  ৪. নরমাল ফন্ট এর জন্য লিখন বাছাই করুন । প্রেফারেন্সেস থেকে বের হওয়ার আগ পর্যন্ত ওকে ক্লিক করুন ।
- এই ধাপগুলো অপেরাতে বাংলা সেটআপ কমপ্লিট করবে ।